

# বি এস এন এল ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন

পশ্চিমবঙ্গ সার্কেল,

২৪৯ডি, বি বি গাঙ্গুলী ষ্ট্রীট, কলকাতা - ৭০০০১২

নং- BSNLCMU/Circle/ Circular/ 2018-19

তারিখ- ১১/১১/২০১৮

সাকুলার

সমস্ত জেলা, শাখা সম্পাদক এবং সার্কেল অফিস বেয়ারারদের প্রতি-  
কমরেড,

প্রথমেই সার্কেল ইউনিয়নের পক্ষ থেকে সকলকে শুভ বিজয়া এবং দীপাবলীর প্রীতি ও শুভেচ্ছা জানাই। গত ৮ই নভেম্বর ইউনিয়ন অফিসে (২৪৯ডি, বি.বি. গাঙ্গুলী ষ্ট্রীট) সার্কেল ইউনিয়নের একটি জরুরী ভিত্তিতে সভা হয়। সভাপতিত্ব করেন সার্কেল ইউনিয়নের সভাপতি কম. তপন ঘোষা সভায় ১২ জন সদস্য উপস্থিত ছিলেন। অত্যন্ত গুরুত্বপূর্ণ এই সভায় সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনার সাথে সাথে কর্মীদের বেতন ও অন্যান্য দাবীদাওয়া নিয়ে আলোচনা হয়। সার্কেল সেক্রেটারী কম. তপন ঘোষ বি এস এন এল এর বর্তমান অবস্থা প কেন্দ্রীয় স্তরে আমাদের দাবীগুলি কি অবস্থায় আছে তার ব্যাখ্যা করেন, BSNLCCWF এবং BSNLEU এর কেন্দ্রীয় নেতৃত্ব যেভাবে প্রতিনিয়ত দিল্লীর বিভিন্ন দপ্তরে আমাদের দাবীগুলো আদায়ের লক্ষ্যে চাপ সৃষ্টি করে যাচ্ছেন তার উল্লেখ করে বলেন এ ব্যাপারে কর্মীদের মধ্যে যে নিবিড় প্রচার করা প্রয়োজন তা হচ্ছেনা। আমাদের প্রয়াস, আমাদের সাফল্যগুলি সাধারণ কর্মীদের কাছে পৌঁছাচ্ছেনা, ফলে একটা অংশের কর্মীদের মনে হতাশা আসছে, তার প্রভাব পড়ছে আমাদের সংগঠনে। এই সাংগঠনিক দুর্বলতা অবিলম্বে কাটানোর উদ্যোগ নিতে হবে জেলা ও শাখার নেতৃত্বকে।

অন্যান্য সদস্যরাও নিজ নিজ জেলা এবং শাখার সাংগঠনিক অবস্থার কথা বলেন। এতে একটা জিনিস পরিষ্কার বেরিয়ে আসে যে প্রায় সর্বত্রই সাংগঠনিক ঢিলে ঢালাভাব চলছে। যে ভয়ঙ্কর আক্রমণ শুরু হয়ে গেছে তা মোকাবিলা করার জন্য যে দৃঢ় মানসিকতা নিয়ে ঐক্যবদ্ধভাবে কর্মসূচী গ্রহন করা এবং তা রূপায়িত করা প্রয়োজন তা হচ্ছেনা। আমাদের পায়ের তলার একটি মাটি ক্রমশঃ আলগা হচ্ছে - এটা অনেকেই বুঝছেন না বা বুঝতে চাইছেন না। উপস্থিত সকলেই একমত হন যে এই ভাবে চললে, সাংগঠনিক ঢিলেঢালা ভাব কাটিয়ে উঠতে না পারলে আগামী দিনে বড় বিপদের সম্মুখীন হতে হবে। অবিলম্বে এই অবস্থা কাটানোর জন্য উদ্যোগ গ্রহন করতে হবে। সংগঠনের তহবিলের বিষয়টি ও গুরুত্বের সাথে আলোচিত হয়, সদস্যদের চাদা, ডোনেশন প্রদানের ক্ষেত্রে কিছু কিছু জেলা বা শাখার দুর্বলতা দেখা যাচ্ছে তা কাটানোর জন্য এবং কোটা প্রেরন করার জন্য উদ্যোগ গ্রহন করার কথা বলা হয়, আগামী দিনের আন্দোলনের কর্মসূচীসহ বেশ কিছু সিদ্ধান্ত ঐ সভা থেকে গৃহীত হয়।

১) আগামী ১৪ই নভেম্বর AUAB র ডাকে আর এন মুর্খাজী রোডের বিনীর শোরুমের কাছ থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল, বেলা ১টার মধ্যে জমায়েত হতে হবে, দাবীগুলির মধ্যে আছে-পে-রিভিশন, পেনশন রিভিশন, 4G Spectrum, ইত্যাদি, মনে রাখতে হবে বি এস এন এল কর্তৃপক্ষ লিখিতভাবে জানিয়েছে পে-রিভিশনের সাথে ১৮০০০ টাকা প্রদানের সিদ্ধান্ত নেবে।

২) আগামী ২০শে নভেম্বর BSNLCCWF এর ডাকে অনিয়মিত কর্মীদের সময়মত বেতন প্রদান, ছাঁটাই বন্ধ, সামাজিক সুরক্ষা, নিয়মিতকরন ইত্যাদি দাবীতে সমস্ত সার্কেল হেডদের কাছে সারাদিন ব্যাপী অনশন, ঐদিন সি টি ও তে ব্যাপক সংখ্যায় যোগ দিতে হবে।

৩) আগামী ৮-৯ জানুয়ারী ২০১৯ কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন ও ফেডারেশনগুলির অস্থানে কেন্দ্রীয়